



ঢাকা কমার্স কলেজ

(স্ব-অর্থায়নে পরিচালিত, রাজনীতি ও ধূমপানমুক্ত) College Code: 1375 (DB), 6438 (NU), EIIN: 108207

ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: 48033903, 48036942, 48037357

Website: www.dcc.edu.bd, Facebook: DhakaCommerceCollege, Webmail: dcc1989@dcc.edu.bd

তারিখ: ২১/১০/২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নং : ঢাকক-

বিজ্ঞপ্তি

২০২৪-২৫ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদের ১ম পর্ব পরীক্ষা ২০২৪ আগামী ২৪/১১/২০২৪ তারিখ হতে অনুষ্ঠিত হবে। ১ম ও ২য় পত্র মিলে পূর্ণমান ৬০ এবং সময় ২ (দুই) ঘণ্টা। প্রতি বিষয়ের MCQ ও CQ পরীক্ষায় পৃথকভাবে উত্তীর্ণ হতে হবে। সকল শিক্ষার্থীর পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। বিশেষ ক্ষেত্রে অসুস্থ শিক্ষার্থীর জন্য সিক বেডের ব্যবস্থা আছে। ১৭/১১/২০২৪ থেকে ১৯/১১/২০২৪ তারিখ পর্যন্ত নিজ নিজ শ্রেণি কক্ষে প্রবেশপত্র বিতরণ করা হবে। পরীক্ষার প্রস্তুতির জন্য ২০/১১/২০২৪ ও ২১/১১/২০২৪ তারিখ শ্রেণি কার্যক্রম স্থগিত থাকবে। ৩য় ও ৪র্থ বিষয়ের পরীক্ষার জন্য রোল নম্বর অনুযায়ী পৃথক সিট প্র্যান থাকবে।

পরীক্ষার হলে ছাত্র-ছাত্রীদের নিম্নলিখিত বিষয়সমূহ মেনে চলতে হবে :

- প্রবেশপত্র ও পরিচয়পত্র ব্যতীত কোনো পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না;
- পরীক্ষার হলে বিন্দুমাত্র অসদুপায় অবলম্বনের কোনো প্রমাণ পাওয়া গেলেই বহিষ্কার করা হবে;
- পরীক্ষার হলে পরীক্ষা সংক্রান্ত কাগজপত্র ছাড়া অন্য কোনো কাগজপত্র, বই, ব্যাগ, সকল ধরনের মোবাইল ফোন, প্রোগ্রামিং ক্যালকুলেটর, স্মার্ট ঘড়ি, ইলেক্ট্রনিক ডিভাইস ইত্যাদি বহন- ব্যবহার সম্পূর্ণভাবে নিষিদ্ধ, যদি এগুলো পাওয়া যায় তা বাজেয়াপ্তসহ সংশ্লিষ্ট শিক্ষার্থীর বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;
- পরীক্ষা শুরুর কমপক্ষে ১৫ মিনিট পূর্বে পরীক্ষার হলে আসন গ্রহণ করতে হবে;
- পরীক্ষার হলে কলম, পেনসিল, ইরেজার, স্কেল, ক্যালকুলেটর ইত্যাদি পরস্পর বিনিময় সম্পূর্ণ নিষিদ্ধ;
- পরীক্ষার্থীকে অবশ্যই উত্তরপত্রের প্রতি পৃষ্ঠায় ১৬ থেকে ১৮ লাইন এবং প্রতি লাইনে কমপক্ষে ৫ থেকে ৬টি শব্দ লিখতে হবে;
- পরীক্ষার্থীকে পূর্ণ সময় হলে অবস্থান করে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে;
- পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীকে অবশ্যই কলেজ ইউনিফর্ম পরিধান করে আসতে হবে;
- উত্তরপত্রের বাম পাশে ও ওপরে পেনসিল দিয়ে ১ ইঞ্চি মার্জিন দিতে হবে। এছাড়া চিত্র ব্যতীত অন্য কোথাও পেনসিল দিয়ে লেখা যাবে না;
- প্রবেশপত্র ছারিয়ে গেলে, বাসায় রেখে আসলে বা অন্য কোনো কারণে আনতে না পারলে, সেক্ষেত্রে পরীক্ষার দিন হিসাব শাখায় ১০০/- টাকা জমা দিয়ে পরীক্ষা নিয়ন্ত্রণ শাখা হতে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।

পরীক্ষার সময়সূচি

পরীক্ষার তারিখ ও বার	পরীক্ষার বিষয় ও পত্র	বিষয় কোড	সময়
২৪/১১/২০২৪ (রবিবার)	বাংলা (আবশ্যিক) ১ম ও ২য় পত্র	১০১ ও ১০২	১০:৩০টা-১২:৩০টা
২৬/১১/২০২৪ (মঙ্গলবার)	ইংরেজি (আবশ্যিক) ১ম ও ২য় পত্র	১০৭ ও ১০৮	১০:৩০টা-১২:৩০টা
২৮/১১/২০২৪ (বৃহস্পতিবার)	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	২৭৫	১০:৩০টা-১২:৩০টা
০১/১২/২০২৪ (রবিবার)	হিসাববিজ্ঞান ১ম ও ২য় পত্র	২৫৩ ও ২৫৪	১০:৩০টা-১২:৩০টা
	পদার্থবিজ্ঞান ১ম ও ২য় পত্র	১৭৪ ও ১৭৫	
০৩/১২/২০২৪ (মঙ্গলবার)	ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ১ম ও ২য় পত্র	২৭৭ ও ২৭৮	১০:৩০টা-১২:৩০টা
	রসায়ন ১ম ও ২য় পত্র	১৭৬ ও ১৭৭	
০৫/১২/২০২৪ (বৃহস্পতিবার)	ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা ১ম ও ২য় পত্র	২৯২ ও ২৯৩	১০:৩০টা-১২:৩০টা
	জীববিজ্ঞান ১ম ও ২য় পত্র	১৭৮ ও ১৭৯	
০৮/১২/২০২৪ (রবিবার)	উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ১ম ও ২য় পত্র	২৮৬ ও ২৮৭	১০:৩০টা-১২:৩০টা
	উচ্চতর গণিত ১ম ও ২য় পত্র	২৬৫ ও ২৬৬	
১০/১২/২০২৪ (মঙ্গলবার)	অর্থনীতি ১ম ও ২য় পত্র	১০৯ ও ১১০	১০:৩০টা-১২:৩০টা
	পরিসংখ্যান ১ম ও ২য় পত্র	১২৯ ও ১৩০	
	গার্হস্থ্য বিজ্ঞান ১ম ও ২য় পত্র	২৭৩ ও ২৭৪	

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক

আহ্বায়ক (পরীক্ষা কমিটি)

উপাধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

অধ্যক্ষ

ক্রম	বিতরণ	স্বাক্ষর	ক্রমিক	বিতরণ	স্বাক্ষর
১	অধ্যক্ষ মহোদয়ের দপ্তর		৩	একাদশ শ্রেণির সকল শ্রেণি কক্ষ	
২	উপাধ্যক্ষ মহোদয়ের দপ্তর		৪	প্রয়োজনীয় সকল বিভাগ- শিক্ষার্থী উপদেষ্টাগণ- শাখা	